সংবাদ

তারিখ 02 JUN 2016
পৃষ্ঠা ১২ কলাম ৪

## তথ্যপ্রযুক্তি

# ঢাবির মেয়েদের হলগুলোতে চলছে সাইবার নিরাপত্তা সচেতনতা কর্মশালা

তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নারীর ক্ষমতায়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫টি মেয়েদের হলে শুরু হয়েছে সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতামূলক কর্মশালা 'সাইবার সিকিউরিটি অ্যাওয়ারনেস ফর উইমেন এমপাওয়ারমেন্ট'। 'সেফ, স্মার্ট, স্যোশাল' প্রতিপাদ্য নিয়ে নারী শিক্ষার্থীদের জন্যে এই কর্মসূচীর আয়োজন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটি (ডিইউআইটিএস)।



গতকাল বাংলাদেশ কুয়েত মৈত্রী হলে অয়োজিত কর্মশালায় শিক্ষার্থীদের সাইবার অপরাধ বিষয়ক নানা প্রশ্নের জবাব দেন বিশ্ববিদ্যালয়ের অপরাধবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমান। সাইবার অপরাধের শিকার হলে করনীয়, তথ্য-প্রযুক্তি আইন এবং সাইবার জগতে সচেতন থাকার উপায় বিষয়ে কথা বলেন ডিইউআইটিএসের প্রতিষ্ঠাতা সভাপতি আবদুল্লাহ আল ইমরান এবং সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞ ইফতেখার আলম। উপস্থিত ছিলেন এরিকসন বাংলাদেশের হেড অফ হিউম্যান রিসোর্স আবদুল আউয়াল, অক্সফাম বাংলাদেশের আইসিটি কো-অর্ডিনেটর তাপস রঞ্জন চক্রবর্তী, বিডিজবসের সিইও ফাহিম মাশরুর, স্মার্ট টেকনোলজীর জেনারেল ম্যানেজার মুজাহিদ আল বিরুনী সুজন প্রমুখ।

এর আগে কবি সুফিয়া কামাল হল, বেগম রোকেয়া হল, শামসুন্নাহার হল এবং বেগম ফজিলাতুন্নেসা মুজিব হলে প্রায় চার শতাধিক শিক্ষার্থীর অংশগ্রহণে সচেতনতামূলক এই কর্মসূচী সম্পন্ন হয়।

আগামী ৪ জুন শনিবার সকাল ১০ টায় বাংলা একাডামীর আবদুল করিম সাহিত্য বিশারদ মিলনায়তনে ৫ দিনের এই কর্মসূচীর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়েল উপাচার্য ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের সাইবার অপরাধ বিষয়ক নানা প্রশ্নের জবাব দেবেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া এবং র‍্যাবের পরিচালক (এমআইএস) উইং কমান্ডার ফরহাদ হোসেন মাহমুদ।

এই সচেতনতা কর্মসূচীর প্রধান সহযোগি হিসেবে রয়েছে এরিকসন বাংলাদেশ। সহযোগি অক্সফাম, অ্যাভিরা এন্টি ভাইরাস, বিডিজবস ও আজকের ডিল। এছাড়াও অনুষ্ঠান ব্যাবস্থাপনা করছে ফোর ডি কমিউনিকেশনস লিমিটেড। সংবাদ বিজ্ঞপ্তি।